যুগান্তর

তারিখ 18 FEB 2017
পৃষ্ঠা ১৪ ... ৮

চট্টগ্রামে 'পিপীলিকা বাংলা উৎসব'

# শিক্ষাক্ষেত্রে এগিয়ে যাচ্ছে মেয়েরা : গণপূর্তমন্ত্রী

**চট্টগ্রাম ব্যুরো**

গৃহায়ন ও গণপূর্তমন্ত্রী ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন বলেছেন, শিক্ষাক্ষেত্রে মেয়েরা এগিয়ে যাচ্ছে। আমরা যখন মিউনিসিপ্যাল মডেল হাইস্কুলে পড়তাম তখন হাতেগোনা কয়েকজন ছাত্রী ছিল। এখন দেখি ছাত্রের তুলনায় ছাত্রীর সংখ্যা দ্বিগুণ। এটি একটি ভালো দিক। প্রধানমন্ত্রীও চান মেয়েরা শিক্ষায় এগিয়ে যাক। শুক্রবার বেলা ১১টায় চট্টগ্রাম মিউনিসিপ্যাল মডেল স্কুল অ্যান্ড কলেজ প্রাঙ্গণে 'পিপীলিকা বাংলা উৎসব-২০১৭'-এর উদ্বোধনী অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক এবং লেখক ড. মুহম্মদ জাফর ইকবালের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন শিশুসাহিত্যিক আলী ইমাম ও সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত মেয়র চৌধুরী হাসান মাহমুদ হাসনী।

**পরীক্ষা কমিটির গাফিলতির কারণে প্রশ্ন ফাঁস হয় : ড. মুহাম্মদ জাফর ইকবাল**

শিক্ষার্থীদের উদ্দেশে অধ্যাপক জাফর ইকবাল বলেন, 'বইকে আপন ভাবতে হবে। যখনই সময় পাও একটু বই খুলে দেখ। এই বই-ই তোমাকে শান্তি দেবে। বইয়ের ভেতরে খুঁজে তুমি স্বপ্নকে বের করে আন।' পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁস প্রসঙ্গে তিনি বলেন, যদি কোনো পরীক্ষায় প্রশ্ন ফাঁস হয়, তাহলে মনে করতে হবে এর পেছনে পরীক্ষা কমিটির গাফিলতি রয়েছে। শিক্ষা মন্ত্রণালয় কিংবা সরকার যদি সিদ্ধান্ত নেয় প্রশ্ন ফাঁস হবে না, তাহলে কোনোভাবেই প্রশ্ন ফাঁস হওয়ার কথা নয়।

তিনি বলেন, 'বর্তমানে শিক্ষার্থীরা সবচেয়ে বেশি ব্যবহার করে ফেসবুক। সেখানে তারা বাংলিশ ভাষা ব্যবহার করে। এতে যে ভাষার কত ক্ষতিসাধন হচ্ছে তা তারা বুঝতে পারছে না। তাই ভাষা ব্যবহারে তাদের সচেতন হওয়া প্রয়োজন।'

'বাংলা নিয়ে নানা খেলা সারা বেলা'— স্লোগানে অনুষ্ঠিত পিপীলিকা বাংলা উৎসবের শিরোনাম রাখা হয়েছে 'শব্দ কল্প দ্রুম'। ৭০টিরও বেশি স্কুল-কলেজের পঞ্চম থেকে দ্বাদশ শ্রেণীতে পড়ুয়া প্রায় ২ হাজার শিক্ষার্থী এতে অংশগ্রহণ করে। তাদের কাছ থেকে এক ঘণ্টার একটি পরীক্ষাও নেয়া হয়। সরকারের আইসিটি ডিভিশন, তথ্য ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ ব্যাংকের সার্বিক সহযোগিতায় এবং মিডিয়াগ্রাফির ব্যবস্থাপনায় 'শব্দ কল্প দ্রুম উদযাপন কমিটি' এ উৎসবের আয়োজন করে।